গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
শাখা ডি-৪
গণভবন কমপ্লেক্স
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd



নম্বর: ২৩.০০.০০০০.০৪০.১২.০০৪.২৫-**১৮১**

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের 'উর্ধ্বতন যান্ত্রিক প্রকৌশলী'-এর শূন্যপদে ইতঃপূর্বে চলতি দায়িত্ব প্রদানকৃত জনাব মইন উদ্দিন আহমদ-এর বিগত ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের মূল্যায়ন সন্তোষজনক হওয়ায় এবং তাঁর বিরুদ্ধে অডিট আপত্তি, বিভাগীয়, দুর্নীতি বা ফৌজদারী মামলা চলমান না থাকায় **চলতি দায়িত্ব প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৩**-এর অনুচ্ছেদ ৭ অনুসারে পূর্বের ধারাবাহিকতায় নিম্নরূপ শর্তে ০১/৮/২০২৬ হতে ৩১/১/২০২৭ তারিখ পর্যন্ত চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধির জন্য সুপারিশ করা হলো।

**শর্তসমূহ:**

(ক) চলতি দায়িত্ব পালনকালে বর্ণিত কর্মকর্তা বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। তবে চলতি দায়িত্ব প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৩ অনুসারে উক্ত ভাতা প্রদানের পূর্বে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;

(খ) সুপারিশকৃত পদবি ব্যবহারের ক্ষেত্রে "মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন সরকারি দপ্তর/সংস্থার শূন্য পদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব প্রদান নীতিমালা, ২০২৩"-এর পদবি ব্যবহার সংক্রান্ত অনুচ্ছেদ-১২ যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং

(গ) নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে চলতি দায়িত্ব হতে অব্যহতি দিতে পারবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০/৮/২৬

ডা. ফারহানা কবির
উপসচিব
ফোন: ০২-২২২২৪৪১৬৬
E-mail: d4@mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.০৪০.১২.০০৪.২৫-**১৮১**

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৩। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



F:\All Files 2026\চলতি দায়িত্ব ২০২৬\Current Charge Letter.docx

CamScanner

৬। জনাব মইন উদ্দিন আহমদ, উর্ধ্বতন যান্ত্রিক প্রকৌশলী (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। অফিস কপি।

ডা. ফারহানা কবির
উপসচিব